

কর্মসূলে উপস্থিত না থাকায় সিভাসু কর্মকর্তা বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম



সংযুক্ত ছবি

দীর্ঘদিন কর্মসূলে উপস্থিত না থাকার কারণে চট্টগ্রাম ভেটেরিনারি

ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের (সিভাসু) এক কর্মকর্তাকে

বরখাস্ত করা হয়েছে। গতকাল রবিবার (৩ আগস্ট) তাকে বরখাস্ত

করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর থেকে অফিস আদেশ জারি

করা হয়। ২০২৪ সালের ২২ আগস্ট থেকে বরখাস্তের এই আদেশ

কার্যকর হবে।

বরখাস্ত হওয়া ওই কর্মকর্তার নাম আবু মোহাম্মদ আরিফ।

তিনি বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের সহকারী

পরিচালক।

জানা যায়, আবু মোহাম্মদ আরিফ ছাত্রজীবন থেকে সন্ত্রাসী

কার্যকলাপে জড়িত ছিল। চট্টগ্রাম কলেজের একাধিক সশস্ত্র

সহিংসতায় তার নাম গণমাধ্যমে আসছিল। জুলাই অভ্যর্থানে
শহীদ ফয়সাল আহমেদ শান্ত হত্যার এজাহারনামীয় আসামি আবু
মোহাম্মদ আরিফ।

শান্ত হত্যা মামলাটি আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালে বিচারাধীন
আছে।